# U.G. 6th Semester Examination - 2022

## BENGALI

## [HONOURS]

### Course Code: BBNGCCHT601

### Course Title: রবীন্দ্র সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কোন্ কাব্যগ্রন্থের কবিতা?

খ) কোথায়, কবে রবীন্দ্রনাথ 'মেঘদূত' কবিতাটি লিখেছিলেন?

গ) "মাঝে মাঝে গেছি আমি ওপাড়ার প্রাঙ্গণের ধারে।" — কোন্ পাড়া? সেখানে কারা থাকে?

ঘ) "মোদের খেতে তখন ফোটে শণ।" — কখন শণফুল ফোটে?

ঙ) কোন্ উপলক্ষ্যে রবীন্দ্রনাথ তাঁর 'রামায়ণ' প্রবন্ধ লিখেছিলেন?

চ) পত্রলেখার পিতার নাম লেখো।

ছ) "গ্রামচৈত্যে গৃহবলিভুক পাখি" —কথাটির অর্থ সরল বাংলায় লেখো।

*[পরের পাতায়]*

জ) 'মাণ্ডবী' এবং 'শ্রুতকীর্তি'র পরিচয় দাও।

ঝ) রবীন্দ্রনাথের ভাবনায় সাহিত্যের ব্যবসাদার বিচারক কারা?

ঞ) 'সাহিত্যের সামগ্রী' কোন্ পত্রিকায় কখন প্রকাশিত হয়?

ট) "সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।" — মন্তব্যটি কোন্ প্রবন্ধের অংশ?

ঠ) ছিন্নপত্রের ১৮ সংখ্যক চিঠিটি কোথা থেকে, কবে লেখা?

ড) 'গতকল্য এই মায়া উপকূলে অনেক্ষণ ধরে বিচরণ করে বোটে ফিরে গিয়ে দেখি ...।" — মায়া উপকূল বলতে রবীন্দ্রনাথ কোন্ স্থানটিকে বুঝিয়েছেন?

ঢ) "আমার বসুন্ধরা এখন 'একখানি রৌদ্রপীত হিরণ্য অঞ্চল' পরে ঐ নদীতীরের শষ্যক্ষেত্রে বসে আছেন।" — ছিন্নপত্রের এই চিঠির প্রসঙ্গ রবীন্দ্রনাথের কোন্ কবিতায় রূপ পেয়েছে?

ণ) পাবনা শহরের নদীঘাটে বোট নিয়ে আসার উল্লেখ ছিন্নপত্রের কোন্ চিঠিতে পাওয়া যায়?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'ছিন্নপত্রে' ইন্দিরা দেবীকে লেখা চিঠির সংখ্যা ক'টি? বাকি চিঠিগুলি কাকে লেখা হয়েছিল?

খ) 'চিঠি' বা 'পত্র' নামে চিহ্নিত রবীন্দ্রনাথের আরও দু'টি গ্রন্থের নাম লেখো।

গ) 'ঐকতান' কোন্ কাব্যগ্রন্থের কবিতা? গ্রন্থে কবিতাটিকে কীভাবে চিহ্নিত করা হয়েছে?

ঘ) 'অভিসার' কবিতায় দু'টি ঋতুর উল্লেখ আছে। কী কী?

ঙ)  পত্রলেখা কে? কাহিনিটি কোথা থেকে গ্রহণ করা হয়েছে?

চ)  মিরান্দা ও শকুন্তলার মধ্যে 'বাহ্য ঐক্যে'র অন্তত দু'টি সূত্র উল্লেখ করো।

ছ)  ''সাহিত্য বিচার করিবার সময় দুইটি জিনিস দেখিতে হয়..।'' কী কী?

জ)  দামোদরবাবুর কথা কোন্ প্রবন্ধে কোন্ প্রসঙ্গে এসেছে?

৩।  যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও :  ৫×২=১০

ক)  'ছিন্নপত্রে'র প্রাসঙ্গিক চিঠি থেকে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও।

খ)  ''হিংস্র প্রলাপের মধ্যে/সেই হোক্ তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।'' — কোন্ কবিতার চরণ? 'হিংস্র প্রলাপ' এবং 'পুণ্যবাণী' বলতে কবি কী বুঝিয়েছেন?

গ)  ''সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়।'' — এই মন্তব্যের তাৎপর্য আলোচনা করো।

৪।  যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :  ১০×১=১০

ক)  'প্রাচীন সাহিত্য'-এর 'মেঘদূত' প্রবন্ধ এবং 'মানসী' কাব্যগ্রন্থের 'মেঘদূত' কবিতার তুলনামূলক আলোচনা করো।

খ)  'সাধারণ মেয়ে' কবিতাটির গুরুত্ব আলোচনা করো।

গ)  রবীন্দ্রনাথের মতে সাহিত্যের প্রকৃত বিচারক কারা? কীভাবে তাঁরা এই যোগ্যতা অর্জন করেন?

———————